

2024

ADVANCE BENGALI

Full Marks : 100

Pass Marks : 30

Time : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

**ALLOTMENT OF MARKS**

Q. No. 1 carries 1 mark each	:	$1 \times 12 = 12$
Q. No. 2 carries 2 marks each	:	$2 \times 12 = 24$
Q. Nos. 3 & 4 carry 8 marks each	:	$8 \times 2 = 16$
Q. No. 5 carries 8 marks	:	$= 8$
Q. No. 6 carries 6 marks	:	$= 6$
Q. No. 7 carries 6 marks	:	$= 6$
Q. No. 8 carries 6 marks	:	$= 6$
Q. No. 9 carries 10 marks	:	$= 10$
Q. No. 10 carries 4 marks each	:	$4 \times 3 = 12$
		<hr/>
		Total = 100

( 2 )

১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×১২=১২

(ক) 'সুদূরের আহ্বান' কবিতাটির কবি কে?

(খ) উজোর শব্দের অর্থ কী?

(গ) চাঁদের শতক আজ নহে তো  
এ যুগে \_\_\_\_\_ হলো কান্তে!

(শূন্যস্থান পূর্ণ করো)

(ঘ) 'রাজধর্ম' প্রবন্ধটি কোন্ গ্রন্থের সংকলন?

(ঙ) 'চর্যাপদ' গ্রন্থটি কে আবিষ্কার করেন?

(চ) 'রূপকথা' প্রবন্ধটি কার রচনা?

(ছ) "জীবনের সব রাত্রিকে ওরা কিনেছে অল্প দামে"—ওরা বলতে কাদের বোঝানো হয়েছে?

(জ) 'উত্তরাধিকার' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

(ঝ) "নদী, তুমি কোথা হইতে আসিয়াছ?" উত্তরে নদী কী বলত?

(ঞ) হোমার কোন্ দেশের কবি?

(ট) 'মনসামঙ্গল' কাব্যের শ্রেষ্ঠ কবি কে?

(ঠ) "দীর্ঘ প্রবাসের পর উৎসে মিলিত হইতে যাইতেছি।" বক্তা কে?

( 3 )

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×১২=২৪

(ক) রূপকথার বিরুদ্ধে প্রাপ্তবয়স্কদের প্রধান অভিযোগ দুটি কী কী?

(খ) "তোরা এ কী সর্বনাশ করিয়াছিস"—কে, কোন্ প্রসঙ্গে এই উক্তি করেছিল?

(গ) মৈথিল কোকিল কে? তিনি কোন্ রাজসভার সভাকবি ছিলেন?

(ঘ) "তখন সমস্ত হৃদয় প্রসন্ন হইয়া উঠে"—কখন, কার হৃদয় প্রসন্ন হয়?

(ঙ) দুর্মুখ কে? তাকে কোন্ কাজে নিয়োজিত করা হয়েছিল?

(চ) "তবে তুমি গাড়িতে বসে থাক, আমি চট করে ফুল তুলে আনছি।" উক্তিটি কার? সে কী ফুল তুলতে গিয়েছিল?

(ছ) 'ভাগবত'-এর শ্রেষ্ঠ অনুবাদক কে? তিনি কোন্ কাব্যগ্রন্থ রচনা করে বিখ্যাত হয়েছিলেন?

(জ) এপিক কাকে বলে? 'রামায়ণ' কি যথার্থ এপিকধর্মী কাব্য?

(ঝ) 'সনেট' কবিতাটির রচয়িতা কে? তাঁর রচিত দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(ঞ) “কি পেখলুঁ নটবর গৌরকিশোর”—নটবর কে? গৌরকিশোর বলতে কাকে বোঝানো হয়েছে?

(ট) দৌলতকাজী রচিত দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(ঠ) “কান্তেটা শান দিও বন্ধু”—এখানে বন্ধু কাকে বলা হয়েছে? কান্তে কিসের প্রতীক?

৩। (ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

“তবু স্বলে যেই দীপশিখা  
তারি চিত্তে শঙ্কাকুল সেই শান্তি-সম  
শান্তিতে ভরিয়া যাক এ-জীবন মম।”

অথবা

“অগ্নি আখরে আকাশে যাহারা লিখিছে আপন নাম  
চেন কি তাদের ভাই?  
দুই তুরঙ্গ জীবনমৃত্যু জুড়ে তারা উদ্দাম  
দুয়েরি বন্ধা নাই।”

(খ) নীচের প্রশ্নের উত্তর দাও :

“এ জগতে হয় সেই বেশি চায় আছে যার ভূরি ভূরি  
রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।”  
বক্তা কে? প্রসঙ্গটি বুঝিয়ে দাও।

অথবা

‘উত্তরাধিকার’ কবিতাটির রচয়িতা কে? কবি কাকে, কিসের উত্তরাধিকারী বলেছেন, আলোচনা করো।

৪। (ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

আমরা বিদেশী, আমরা নিশ্চয় বলিতে পারি না গ্রীস ও রোম তাহার সমস্ত প্রকৃতিকে তাহার দুই কাব্যে প্রকাশ করিতে পারিয়াছে কি না, কিন্তু ইহা নিশ্চয় যে ভারতবর্ষ ‘রামায়ণ’, ‘মহাভারত’-এ আপনাকে আর কিছুই বাকি রাখে নাই।

অথবা

গভীর জলধি কখনও অল্প কারণে আকুলিত হয় না, সামান্য বায়ুবেগের প্রভাবে হিমাচল কদাচ বিচলিত হইতে পারে না।

(খ) নীচের প্রশ্নের উত্তর দাও :

“রূপকথাকে প্রকৃত সাহিত্যের নিয়মে বিচার করিলে এর প্রতি অবিচারই করা হইবে।” উক্তিটির যথার্থতা প্রতিপন্ন করো।

অথবা

“আইস আমরা ইহার অস্তি দিয়া পৃথিবীর দেহ নূতন করিয়া নির্মাণ করি।” এখানে কাদের কথা বলা হয়েছে? তারা কীভাবে পৃথিবীর দেহ নতুন করে নির্মাণ করে, বুঝিয়ে দাও।

৫। (ক) প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো :

তখন বুঝিতে পারিলাম সেও যে আমিও সে, সেও পিতা আমিও পিতা।

অথবা

অবশেষে নালিশ ব্যক্তিকে ছাড়িয়া জাতিতে গিয়া পৌঁছিল।

(খ) নীচের প্রশ্নের উত্তর দাও :

“এমনতরো আন্ত নির্বোধ সমস্ত শহর খুঁজিলে মিলে না।” এখানে কার কথা বলা হয়েছে? কেন বলা হয়েছে, বুঝিয়ে দাও।

( 6 )

অথবা

“বাস্তবিক, শিশুর মাথায় এ বুদ্ধি কী করে জোগাইল বলা শক্ত।” অর্থ পরিস্ফুট করে।

৬। ‘কান্তে’ কবিতার মধ্যে কবি যে যুগ ও জীবনের পরিচয় দিয়েছেন সে সম্পর্কে আলোচনা করে।

অথবা

‘রানার’ কবিতার নামকরণের সার্থকতা বিচার করে।

৭। “ ‘রামায়ণ’-এর প্রধান বিশেষত্ব এই যে তা ঘরের কথাকে অত্যন্ত বৃহৎ করিয়া দেখাইয়াছে।” অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করে।

৮। রাইচরণের চরিত্রটি বিশ্লেষণ করে।

অথবা

‘রামকানাইয়ের নির্বুদ্ধিতা’ গল্পের নামকরণের সার্থকতা বিচার করে।

৯। প্রীচৈতন্যের আবির্ভাবে বাংলা সাহিত্যে যে উন্নতি ও সমৃদ্ধির সূচনা হয় তা সংক্ষেপে বর্ণনা করে।

অথবা

বড়ু চণ্ডীদাসের ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্য সম্বন্ধে আলোচনা করে।

( 7 )

১০। টীকা লেখো (যে কোনো তিনটি) :

৪×৩=১২

মুকুন্দরাম চক্রবর্তী; গোবিন্দদাস; কবীন্দ্র পরমেশ্বর; অন্নদামঙ্গল; গোরক্ষ-বিজয়;  
মালাধর বসু; গীতগোবিন্দ।

\*\*\*